

‘না বলা কথা (Unspoken Words)’ Clarkston HS শিক্ষার্থীর প্রথম প্রকাশিত বই; এখন Amazon-এ পাওয়া যাচ্ছে

Clarkston High School-এর সিনিয়র Kira Farris যখন কয়েক বছর আগে একটি ছেলের সাথে জড়িত একটি কঠিন পরিস্থিতির মুখে পড়েছিলেন, তখন তিনি তার রাগ এবং অন্যান্য আবেগ কবিতা লিখে প্রকাশ করার সিদ্ধান্ত নেন।

[না বলা কথা \(The Unspoken Words\)](#) একটি 101 পৃষ্ঠার কবিতার বই। এতে আটটি অধ্যায় আছে। এতে রয়েছে বিচ্ছিন্নতা, কাজ এবং নিজেকে আবিষ্কারের বিষয়। এটি 26 ডিসেম্বর, 2023 তারিখ প্রকাশিত হয়েছে।

"এই কবিতাগুলিতে রয়েছে আমার অল্প বয়সের একটি গল্প। কীভাবে আমি কঠিন পরিস্থিতিতে ছিলাম এবং এক নির্বোধ ছেলে আমার সত্তা নষ্ট করে দেয়। ফলে আমি আমার নিজের সমর্থন থেকে বিচ্ছিন্ন হয়েছিলাম," Kira বলেছেন। "ভাল ব্যাপার হল আমি এটি বুঝে নিজেকে তুলে ধরতে পেরেছি। আমার মা, গডমাদার, এবং পরিবার এবং বন্ধুদের সাহায্যে, আমি এই সব থেকে বেরিয়ে আসতে সক্ষম হয়েছি।"

Clarkston High Kira-এর কৃতিত্ব উদযাপনের জন্য 29 ফেব্রুয়ারি স্কুলের মিডিয়া সেন্টারে বইয়ে স্বাক্ষর এবং সাক্ষাতের অনুষ্ঠানের আয়োজন করে। এমনকি তিনি তার বই সম্পর্কে একটি প্রশ্নোত্তর অধিবেশন পরিচালনা করেছেন এবং একজন নতুন লেখিক হিসাবে তার প্রেরণা এবং যাত্রার অভিজ্ঞতা ভাগ করে নিয়েছেন। তিনি শিক্ষার্থী, শিক্ষক/শিক্ষিকা এবং কর্মীদের জন্য তার বইয়ের কপিতে স্বাক্ষর করেন। Kira একজন প্রকাশিত লেখিকা হওয়ার বিষয়ে তার উত্তেজনা এবং দুর্বলতা প্রকাশ করেছেন।

"প্রথমে এগুলো প্রকাশ করার কোনো ইচ্ছা আমার ছিল না। আমি সত্যিই কাগজে আমার চিন্তাভাবনা প্রকাশ করার জন্য বইটি লিখেছিলাম এবং আমি আমার জীবনের সেই অধ্যায়টি বন্ধ করতে চেয়েছিলাম," Kira বলেছেন। "যখন আমি বইটি প্রকাশ করি, তখন ভেবেছিলাম যে আমার গল্প অন্য কাউকে সাহায্য করতে পারে।"

Kira তিন বছর ধরে লেখালিখি করছেন এবং [না বলা কথা \(The Unspoken Words\)](#) লিখতে এক বছর লেগেছে। তিনি Amazon KDP-এর মাধ্যমে বিনামূল্যে তার বইটি নিজে করেছেন। এখন পর্যন্ত, তার 32টি বই বিক্রি হয়েছে এবং আরও হচ্ছে।

"লোকে আমার বই পড়ছে জেনে আমার দারুণ লেগেছিল, কারণ আমার বই অন্য কেউ পড়ছে এই বিষয়টাই আমার কাছে আনন্দের," তিনি বলেছেন। "আমি আমার স্কুলের জন্য, বিশেষ করে Ms. Harden-এর জন্য খুব কৃতজ্ঞ, কারণ আমি আমার বই সম্পর্কে স্কুলকে বলতে চাইনি। যখন Ms. Harden জানতে পারলেন, তিনি বললেন বই স্বাক্ষরের অনুষ্ঠান করে সবাইকে জানানো হবে।"

Clarkston High School লাইব্রেরির মিডিয়া বিশেষজ্ঞ Tracie Harden, তারও বই প্রকাশিত হয়েছে, তিনি Kira-এর দুর্দান্ত কৃতিত্বের জন্য তার গর্ব প্রকাশ করেছেন এবং তা সবাইকে জানাতে চেয়েছিলেন।

"যদিও তিনি নম্র, তাহলেও এটি বড় ব্যাপার," Ms. Harden বলেছেন। "তিনি নিজেই প্রকাশক রেছেন এবং তিনি যথেষ্ট সাহসী ও সাহস করে তিনি তার কথাগুলো কাগজে লিখে সবার সাথে ভাগ করে নিয়েছেন।"

Kira-এর ভবিষ্যতে আরও বই লেখার ইচ্ছা আছে। তবে, বর্তমানে, তিনি তার শিক্ষায় মন দিতে চান। ফরেনসিক ফটোগ্রাফার হওয়ার লক্ষ্যে তিনি ফরেনসিক সায়েন্স নিয়ে পড়ার জন্য Savannah State University-তে যোগ দেবেন। Kira বলেছেন তার বইটির লক্ষ্য মূল্যবান পাঠ দান করা।

"আমি আশা করি যে সবাই নিজেদের মূল্য জানতে ভুলবেন না," Kira বলেছেন। "কারণ কোনো ব্যক্তির মূল্য কখনও সেই ব্যক্তির নিজের ছাড়া অন্য কারও দ্বারা পরিমাপ করা উচিত নয়।"

বই স্বাক্ষর অনুষ্ঠানের ছবি দেখতে, [এখানে](#) ক্লিক করুন।